৪

দৈনিক ইনকিলাব

তারিখ .. 0.5 FEB 1993
পৃষ্ঠা... ২ ...কলাম.. ৫...

# শিক্ষার উন্নয়ন ও প্রসারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়াই বর্তমান সরকারের লক্ষ্য

## —শিক্ষা প্রতিমন্ত্রী

শিক্ষার উন্নয়ন ও প্রসারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলাই বর্তমান গণতান্ত্রিক সরকারের লক্ষ্য। উক্ত দক্ষ জনশক্তিই কেবল প্রকৃতি প্রদত্ত সম্পদ আহরণ করে মানব কল্যাণে লাগাতে পারে।

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান গতকাল কামরুন্নেছা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় বার্ষিক বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। প্রতিমন্ত্রী তার ভাষণে ছাত্রীদের প্রতি পড়াশুনায় মনোনিবেশ করার আহ্বান জানিয়ে বলেন, শিক্ষিত মা ছাড়া শিক্ষিত ও উন্নত জাতি আশা করা যায় না। তিনি ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশের লক্ষ্যে শিক্ষকদের আরো কঠোর পরিশ্রম ও যত্নবান হওয়ার আহ্বান জানান। অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধান শিক্ষিকা। প্রেস বিজ্ঞপ্তি।